

যুগান্তর

চবির ৫ শিক্ষার্থীর ওপর স্থানীয়দের হামলা

👤 চবি প্রতিনিধি

🕒 ১৬ মার্চ ২০২৪, ০৪:৪৪:৫৫ | [অনলাইন সংস্করণ](#)



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ৫ শিক্ষার্থীর ওপর হামলার ঘটনা ঘটেছে। শুক্রবার বিকাল ৪টার দিকে বিশ্ববিদ্যালয় থেকে প্রায় এক কিলোমিটার দূরে রেলক্রসিং এলাকায় এ ঘটনা ঘটে।

পূর্ব ঘটনার জের ধরে স্থানীয়রা এ হামলা চালায় বলে অভিযোগ ভুক্তভোগী শিক্ষার্থীদের।

এর আগে গত বুধবার বিশ্ববিদ্যালয়ের দুই নম্বর গেট এলাকায় এক রিকশাচালকের সঙ্গে বিরোধে জড়ায় বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রলীগ কর্মী। পরে তা স্থানীয় ও ছাত্রলীগের বিজয় উপগ্রুপের মধ্যে ছড়িয়ে পড়ে। এ ঘটনায় কয়েক দফায় মারামারিতে জড়ায় উভয়পক্ষ।

এ ঘটনায় মামলা করার উদ্যোগ নেয় স্থানীয়রা। তবে থানার পক্ষ থেকে মামলা না করার অভিযোগ করেছেন স্থানীয়রা। মামলা না নেওয়ায় শুক্রবার দুপুরে রেলক্রসিং এলাকায় প্রতিবাদ সমাবেশের আয়োজন করে স্থানীয়রা। এ সমাবেশ চলাকালে হামলার শিকার হন ওই ৫ শিক্ষার্থী।

মারধরের শিকার মাইশা তাসনীম যুগান্তরকে বলেন, শুক্রবার পৌনে ৪টার দিকে আমি ঢাকার উদ্দেশে বের হই ক্যাম্পাস থেকে। সঙ্গে বেশ কিছু ব্যাগ থাকায় এক বন্ধু আমাকে এগিয়ে দিতে যায়। জিরো পয়েন্ট থেকে এক নম্বর গেটের উদ্দেশে গাড়িতে উঠি। তবে রেলক্রসিংয়ে আমাদের নামিয়ে দেয় গাড়িচালক। বাকিটা হেঁটে যাওয়ার সময় স্থানীয়দের মিটিং-মিছিল দেখতে পাই। এ সময় কয়েকজন ‘বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী’ বলে আমাদের মারতে উদ্যত হয়। পরে ২০-৩০ জন এসে আমাদেরকে মারধর করে। আমার বন্ধুর মাথা ফেটে যায়। আমরা চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল থেকে চিকিৎসা নিই।

শুক্রবার মারধরের ঘটনায় বিশ্ববিদ্যালয়ের মূল ফটক আটকে বিক্ষোভ করে শিক্ষার্থীরা। এদের অধিকাংশই শাখা ছাত্রলীগের চুজ ফ্রেন্ডস উইদ কেয়ার (সিএফসি) উপগ্রুপের অনুসারী।

হাটহাজারী পৌর প্রশাসক মনজুরুল আলম চৌধুরী যুগান্তরকে বলেন, প্রতিবাদ সমাবেশে এ রকম পরিস্থিতি দেখে আমি গিয়ে ওই দুই শিক্ষার্থীকে সেভ করি। পরে আমার গাড়ি দিয়েই নিরাপদ স্থানে নিয়ে যাই। এক শিক্ষার্থীর রক্তক্ষরণ হলে তা আমার পাঞ্জাবিতে লেগে যায়। আগের দিন মামলাটা নিলে আজকের এই ঘটনা ঘটতো না।

হাটহাজারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মনিরুজ্জামান যুগান্তরকে বলেন, আমি ছুটিতে ছিলাম, এজন্য মামলা না নেওয়ার বিষয়ে জানি না। তবে এখন নেওয়া হবে। আজকের মধ্যেই হয়ে যাবে আশা করি।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. নূরুল আজিম সিকদার যুগান্তরকে বলেন, বিশ্ববিদ্যালয় পক্ষ থেকে মামলা করা হবে। কাউকে এখনো শনাক্ত করা যায়নি। যাদেরকে শনাক্ত করা যাবে তাদের নাম ও বাকিদের অজ্ঞাতনামা মামলা করা হবে। আর বুধবারের ঘটনায় যে তদন্ত কমিটি করা হয়েছিল তার সভা শনিবার দুপুরে হবে। এরপর প্রতিবেদন পাওয়া যেতে পারে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

